# Calpin

## Amlodipine 5 mg and 10 mg Tablet

**DESCRIPTION :**
Calpin (Amlodipine) is a long-acting calcium channel blocker of dihydropyridine group. It is used for the treatment of hypertension and angina pectoris.

**COMPOSITIONS :**
Calpin-5 : Each tablet contains 5 mg Amlodipine INN as besylate salt.
Calpin-10 : Each tablet contains 10 mg Amlodipine INN as besylate salt.

**INDICATIONS :**

**1. Hypertension :**
Calpin is indicated for the treatment of hypertension. It may be used alone or in combination with other antihypertensive agents.

**2. Chronic Stable Angina :**
Calpin is indicated for the treatment of chronic stable angina. Amlodipine besylate may be used alone or in combination with other antianginal agents.

**3. Vasospastic Angina :**
Calpin is indicated for the treatment of confirmed or suspected vasospastic angina. It may be used as monotherapy or in combination with other antianginal drugs.

**DOSAGE AND ADMINISTRATION :**
The usual initial antihypertensive oral dose of Calpin is 5 mg once daily with a maximum dose of 10 mg once daily. Small, fragile of elderly individuals or patients with hepatic insufficiency may be started on 2.5 mg once daily and this dose may be used when adding Calpin to other antihypertensive therapy. Dose should be adjusted according to each patients need.
The recommended dose for stable or vasospastic angina is 5-10 mg, with the lower dose suggested in the elderly and in patients with hepatic insufficiency.

**CONTRAINDICATION :**
1. Hypersensitivity to dihydropyridine derivatives.
2. Pregnancy
3. Care should be taken in patients with sinus node disease, and those with aortic stenosis.

**PRECAUTIONS :**
General : Since the vasodilation induced by amlodipine besylate is gradual in onset, acute hypotension has rarely been reported after oral administration of amlodipine besylate. Nonetheless, caution should be exercised when administering amlodipine besylate as with any other peripheral vasodilator particularly in patients with severe aortic stenosis.
Use in-patient with congestive heart failure :
Although haemodynamic studies and a controlled trial in class-II-III heart failure patients have shown that amlodipine besylate did not lead to clinical deterioration as measured by exercise tolerance, left ventricular ejection function, and clinical symptomatology. In general, all calcium channel blockers should be used with caution in patients with heart failure.
Beta-blocker withdrawal :
Amlodipine besylate is not a beta-blocker and therefore gives no protection against the dangers of abrupt beta-blocker withdrawal; any such withdrawal should be by gradual reduction of the dose of beta-blocker.
Patients with hepatic failure :
Since Amlodipine is extensively metabolized by the liver, so caution should be exercised when administering Amlodipine to patients with hepatic impairment.

**Drug Interactions :**
No significant drug interaction.

**SIDE EFFECTS :**
Calpin is well tolerated. The most common side effects headache, oedema, fatigue, nausea, flushing, dizziness, gum hyperplasia; erythema multiform are reported.

**OVERDOSAGE :**
Overdosage might be expected to cause excessive peripheral vasodilation with marked hypotension & possibly a reflex tachycardia. In human, experience with intentional over dosage of amlodipine is limited. If massive over dosage occurs, active cardiac and respiratory monitoring should be instituted. Frequent blood pressure measurements are essential.

**SUPPLY :**
**Calpin-5 :** Box containing 10 x 10 tablets in blister strip.
**Calpin-10 :** Box containing 3 x 10 tablets in blister strip.

*Manufactured by:*
Globe
**Globe Pharmaceuticals Ltd.**
Noakhali, Bangladesh.

# কেলপিন

## এমলোডিপিন ৫ মিগ্রা এবং ১০ মিগ্রা ট্যাবলেট

**বিবরণ ঃ**
কেলপিন (এমলোডিপিন) একটি ডাই-হাইড্রোপাইরিডিন গ্রুপের ক্যালসিয়াম বিরোধী ঔষধ যার দীর্ঘস্থায়ী কার্যকারিতা রয়েছে। কেলপিন উচ্চরক্তচাপ ও এনজিনা পেকটোরিস-এর চিকিৎসায় ব্যবহৃত হয়।

**উপস্থাপনা ঃ**
কেলপিন - ৫ ঃ প্রতিটি ট্যাবলেটে রয়েছে এমলোডিপিন বিসাইলেট আইএনএন যা ৫ মিগ্রা এমলোডিপিনের সমতুল্য।
কেলপিন - ১০ ঃ প্রতিটি ট্যাবলেটে রয়েছে এমলোডিপিন বিসাইলেট আইএনএন যা ১০ মিগ্রা এমলোডিপিনের সমতুল্য।

**নির্দেশনা ঃ**

**১. উচ্চ রক্তচাপ ঃ**
কেলপিন উচ্চ রক্তচাপ চিকিৎসায় নির্দেশিত। এটা এককভাবে অথবা অন্যান্য উচ্চরক্তচাপ বিরোধী ঔষধের সাথে ব্যবহার করা যেতে পারে।

**২. ক্রনিক স্থায়ী এনজিনা ঃ**
কেলপিন স্থায়ী এনজিনার চিকিৎসায় নির্দেশিত। এটা এককভাবে অথবা অন্যান্য এনজিনা বিরোধী ঔষধের সাথে ব্যবহার করা যেতে পারে।

**৩. ভেসোস্পাসটিক এনজিনা ঃ**
কেলপিন নিশ্চিত অথবা অনুমিত ভেসোস্পাসটিক এনজিনার চিকিৎসায় নির্দেশিত। এটা এককভাবে অথবা অন্যান্য এনজিনা বিরোধী ঔষধের সাথে ব্যবহার করা যেতে পারে।

**সেবনমাত্রা ও বিধি ঃ**
সচরাচর প্রারম্ভিক মাত্রা ৫ মিগ্রা দিনে একবার যা সর্বোচ্চ ১০ মিগ্রা দিনে একবার হতে পারে। বয়োবৃদ্ধ অথবা সে সকল রোগীদের যকৃতের অপর্যাপ্ততা রয়েছে তাদের ক্ষেত্রে অথবা অন্যান্য উচ্চরক্তচাপ বিরোধী ঔষধের সাথে কেলপিন ২.৫ মিগ্রা দিনে একক মাত্রায় ব্যবহার করা যেতে পারে। রোগীর প্রয়োজনীয়তার উপর ভিত্তি করে ঔষধের মাত্রা নিয়ন্ত্রণ করা যেতে পারে।
স্থায়ী অথবা ভেসোস্পাসটিক এনজিনার ক্ষেত্রে ৫-১০ মিগ্রা নির্দেশিত এবং বয়োবৃদ্ধ ও যকৃতের অপর্যাপ্ততার ক্ষেত্রে নিম্নমাত্রা নির্দেশিত।

**প্রতিনির্দেশ ঃ**
যে সকল রোগী ডাই-হাইড্রোপাইরিডিন গ্রুপের (এমলোডিপিন, নিফেডিপিন, নিকারডিপিন, ইসরাডিপিন) যে কোন উপাদানের প্রতি অতি সংবেদনশীল সে সকল রোগীদের ক্ষেত্রে প্রতিনির্দেশিত।

**সতর্কতা ঃ**
সাধারণ ঃ যেহেতু এমলোডিপিনের দ্বারা ধীরে ধীরে রক্তনালীর প্রসারণ হয় সেহেতু এমলোডিপিন মুখে গ্রহণের পর কদাচিৎ হাইপোটেনশন (একিউট) দেখা গেছে। তা সত্ত্বেও যে সকল রোগীর এওর্টিক ষ্টেনোসিস রয়েছে তাদের ক্ষেত্রে অন্যান্য রক্তনালী প্রসারক (পেরিফেরাল) এর সাথে সাবধানতার সাথে ব্যবহার করা উচিত।

**কনজেসটিভ হার্ট ফেইলিউর রোগীদের ক্ষেত্রে ঃ**
যদিও ক্লাস ২-৩ হার্ট ফেইলিউর রোগীদের হেমোডাইনামিক এবং নিয়ন্ত্রিত ট্রায়ালে দেখা গেছে যে এমলোডিপিন ক্লিনিক্যাল ক্ষতি করে না যা এক্সারসাইজ টলারেন্স, বাম ভেন্ট্রিকুলার ইজেকশন ফ্রাকশন এবং ক্লিনিক্যাল সিমটোমেটোলজি দ্বারা পরিমিত; সাধারণভাবে সব ক্যালসিয়াম চ্যানেল ব্লকারই কনজেসটিভ হার্ট ফেইলিউর রোগীদের সতর্কতার সাথে ব্যবহার করা উচিত।

**বিটাব্লকার প্রত্যাহার ঃ**
তাৎক্ষণিক বিটা-ব্লকার প্রত্যাহার জনিত বিপদের ক্ষেত্রে এমলোডিপিন কোনরূপ সুরক্ষা প্রদান করে না। এক্ষেত্রে ধীরে ধীরে মাত্রা কমিয়ে বিটাব্লকার বন্ধ করা উচিত।

**যকৃত অকার্যকরী রোগীদের ক্ষেত্রে ঃ**
যেহেতু যকৃতের মাধ্যমে এমলোডিপিনের বিপাক হয়, তাই যে সকল রোগীর যকৃতের অকার্যকারিতা রয়েছে, সে সকল ক্ষেত্রে এমলোডিপিন প্রয়োগে সাবধানতা অবলম্বন করা উচিত।

**ড্রাগ ইন্টারেকশন ঃ**
কোন উল্লেখযোগ্য ঔষধ ইন্টারেকশন নেই।

**পার্শ্বপ্রতিক্রিয়া ঃ**
কেলপিন অত্যন্ত সহনীয় ঔষধ। ইহার প্রধান পার্শ্বপ্রতিক্রিয়া হল মাথাধরা, ইডিমা, বমি বমি ভাব, ক্লান্তি, রক্তিমাভ হওয়া, মাথা ঝিম ধরা, গাম হাইপারপ্লেসিয়া, ইরাইথেমা ইত্যাদি।

**সরবরাহ ঃ**
**কেলপিন-৫ ঃ** প্রতি বাক্সে ১০ x ১০ টি ট্যাবলেট ব্লিস্টার ষ্ট্রীপে।
**কেলপিন-১০ ঃ** প্রতি বাক্সে ৩ x ১০ টি ট্যাবলেট ব্লিস্টার ষ্ট্রীপে।

*প্রস্তুতকারকঃ*
Globe
**গ্লোব ফার্মাসিউটিক্যালস্ লিমিটেড**
নোয়াখালী, বাংলাদেশ